সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৬/২৪০ ০৮ সেপ্টেম্বর, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯ এর অনুচ্ছেদ ২৫ এর নীট ফেব্রিক্স আমদানিতে শর্ত আরোপ সংক্রান্ত উপ-অনুচ্ছেদ ১২ বিলুপ্ত প্রসঙ্গে।**

**সূত্রঃ** বাণিজ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ২৬.০০.০০০০.০০০.১১১.২২.০০০১.২৬. ২৮৭, তারিখঃ ০৮/০৯/২০২৬।

সম্মানিত সদস্যগণ আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি প্রকাশিত আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯ এর অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ ১২ তে নীট ফেব্রিক্স আমদানিতে শর্ত আরোপ করা হয়। যার ফলে সদস্যগণ নীট ফেব্রিক্স আমদানিতে জটিলতার সম্মুখীন হন। বিজিএমইএ হতে উক্ত উপ-অনুচ্ছেদটি বাতিল করার জন্য অনুরোধ জানানো হয়। বিজিএমইএ এর অনুরোধের প্রেক্ষিতে উক্ত উপ-অনুচ্ছেদ ১২ বিলুপ্ত করে বাণিজ্য মন্ত্রণালয় হতে প্রজ্ঞাপন জারী করা হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে প্রজ্ঞাপনটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অব:)**
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ বাণিজ্য-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩৩ / ০৮ সেপ্টেম্বর ২০২৬

নম্বর: ২৬.০০.০০০০.০০০.১১১.২২.০০০১.২৬.২৮৭

**প্রজ্ঞাপন**

Imports and Exports (Control) Act, 1950 (Act XXXIX of 1950) এর Section 3 এর Sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের-

অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (১২) বিলুপ্ত হইবে;

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৮-০৯-২০২৬
সুব্রত কুমার দে
যুগ্মসচিব
ফোন : +৮৮ ০২ ৯৫৪০৬১২
ফ্যাক্স : +৮৮ ০২ ৯৫৪০২১৩
ইমেইল : js.iit1@mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.০০০.১১১.২২.০০০১.২৬.২৮৭/১ (১)

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩৩ / ০৮ সেপ্টেম্বর ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

জনাব মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও (বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক ১০০ কপি প্রেরণের অনুরোধসহ)।

০৮-০৯-২০২৬
সুব্রত কুমার দে
যুগ্মসচিব